

তথ্যবিবরণী

নম্বর:৯৭

নির্বাচনের আগের দামে ফিরবে চালের বাজার:

ময়মনসিংহ মিল মালিকদের আশ্বাস

ময়মনসিংহ (রবিবার, ২১ জানুয়ারি ২০২৪ খ্রি.);

জেলা প্রশাসনের উদ্যোগে, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও চালকল মালিক সমিতি ও পাইকারি ব্যবসায়ীদের যৌথ সভায় চালের দাম নির্বাচনের আগের দামে ফেরানোর অনুরোধ করেছেন জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। ব্যবসায়ীরা এতে সম্মতি জ্ঞাপন করেছেন।

রবিবার (২১ জানুয়ারি) ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ বিষয়ে মতবিনিময় হয়।

সভায় জেলা প্রশাসক বলেন, নির্বাচনকালে কিছু অসাধু সিভিকিট চালের দাম বৃদ্ধি করেছে। তবে চালের সরবরাহ স্বাভাবিক রয়েছে। বাজার নিয়ন্ত্রণ করতে ময়মনসিংহ জেলা প্রশাসন ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সমন্বয়ে চালের বাজার নিয়মিত মনিটরিং করা হবে। সেইসাথে মোবাইল কোর্টের মাধ্যমে জেল-জরিমানা করা হবে। ব্যবসায়ীদের জরিমানা করা প্রশাসনের উদ্দেশ্য নয়। জনস্বার্থে বাজার নিয়ন্ত্রণ করাই লক্ষ্য। খুচরা ব্যবসায়ীদের নিজ নিজ দোকানে মূল্য তালিকা প্রদর্শন করতে হবে।

জেলা প্রশাসক আরো বলেন, সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যবসায়ী এক মেট্রিক টনের অধিক খাদ্যশস্য বা খাদ্য তার অধিকারে বা নিয়ন্ত্রণে রাখতে পারবে না। অনুমোদিত প্রত্যেক লাইসেন্সধারী ব্যবসায়ীকে খাদ্যসামগ্রী আমদানি, ক্রয়, মজুদ ও বিক্রয়ের হিসাব লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পাক্ষিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করতে হবে।

ময়মনসিংহ জেলায় সরকারি চালের মজুদ রয়েছে প্রায় ৬৪ হাজার মেট্রিক টন এবং গমের মজুদ রয়েছে প্রায় ২ হাজার মেট্রিক টন।

জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে চলা এ সভায় শুরুতে চালের দাম বৃদ্ধি প্রসঙ্গে ব্যবসায়ীরা নির্বাচন, অক্টোবর মাসের বৃষ্টি ইত্যাদিকে কারণ হিসেবে উল্লেখ করলেও কৃষি বিভাগ অবহিত করেন যে, বৃষ্টির কারণে এ মৌশুমে ধানের তেমন ক্ষতি হয়নি। তবে চালের দাম সহনীয় রাখতে সব পক্ষ একমত হয়েছেন বলে অটোরাইস মিল মালিক সমিতির নেতৃবৃন্দ সভায় অবহিত করেন। মিল মালিকদের দাবী, মিল মালিকদের মধ্যে কোন ধরনের সিভিকিট নেই। ধান কেনাসহ সবকিছু প্রক্রিয়াজাত করতে তাদের খরচ বেশি হওয়ায় বাজারে চালের দাম একটু বাড়তি রয়েছে। সরকার ঘোষণা দেওয়ার পর চালের দাম কমেছে। বর্তমানে ময়মনসিংহে মিল মালিকদের মধ্যে কোন ধরনের সিভিকিট নেই। সভায় অংশ নেওয়া চালকল মালিকদের অভিমত, কিছুদিন ধরে ময়মনসিংহে বিশেষ করে মোটা চালের দাম কিছুটা বেড়েছে। এসব কারণে প্রতি কেজিতে এক টাকা বাড়লেও খুচরা বিক্রেতার তা চার থেকে পাঁচ টাকা বাড়িয়েছে। এতে চালের দামে হেরফের হয়েছে।

সভায় আরও উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা খাদ্য নিয়ন্ত্রক মোঃ আব্দুল কাদের, এনএসআই এর যুগ্ম পরিচালক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আরিফুল হক মদুল, ময়মনসিংহ জেলার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক আব্দুস ছালাম, বাজার কর্মকর্তা, বিভিন্ন উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ ও জেলা চালকল মালিক সমিতির সাধারণ সম্পাদক মোঃ খলিলুর রহমান, পাইকারি চাল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক বিধুভূষণ সাহা রায়, খুচরা চাল ব্যবসায়ী সমিতির সভাপতি মোঃ হাফিজুর রহমান টিপু, খুচরা চাল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আহকামুল হক ও মিল মালিক নেতৃবৃন্দ।

#